

सत्यमेव जयते

# পশ্চিমবঙ্গ রাজ্য ছাত্র-যুব বিজ্ঞান মেলা ২০১৪

## যুবকল্যাণ বিভাগ

পশ্চিমবঙ্গ সরকার



**সহযোগিতায়**

বিদ্যালয় শিক্ষা ও উচ্চশিক্ষা দপ্তর

পশ্চিমবঙ্গ রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি সংসদ এবং

বিড়লা শিল্প ও কারিগরি সংগ্রহশালা

অরূপ বিশ্বাস
ভারপ্রাপ্ত মন্ত্রী
আবাসন ও যুব কল্যাণ দপ্তর
পশ্চিমবঙ্গ সরকার

सत्यमेव जयते

মহাকরণ
প্রধান ব্লক, তৃতীয় তল
কলকাতা - ৭০০ ০০১

নব মহাকরণ
১, কিরণ শঙ্কর রায় রোড
চতুর্থ তল, কলকাতা - ৭০০ ০০১

| | | |
|---|---|---|
| ২২১৪ ৪০৩৫ | দূরভাষ | ২২৬২ ৪০৯১ |
| ২২১৪ ১৮৪৭ | দূরবার্তা | ২২৬২ ৪০৯১ |
| ২২১৪ ১৮৪৭ | ব্যক্তিগত সচিব | ২২৬২ ৪০০৫ |
| ২২৫৪ ৪৭৩৪ | ব্যক্তিগত সহায়ক | ২২৬২ ৪০৯২ |
| ২২১৪ ৩০৬৬ | আপ্ত সহায়ক | ২২৬২ ৪০০৪ |


## একটি আবেদন

মাননীয়া / মাননীয় উপাচার্য / অধ্যক্ষা / অধ্যক্ষ / প্রধান শিক্ষিকা / প্রধান শিক্ষক

**বিষয় ঃ পশ্চিমবঙ্গ রাজ্য ছাত্র-যুব বিজ্ঞান মেলা, ২০১৪**

মহোদয়া / মহোদয়

আপনারা নিশ্চয় অবগত আছেন যে মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে বর্তমান সরকার পশ্চিমবঙ্গের যুব সমাজের মধ্যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি, মানসিক দৃঢ়তা ও সৃষ্টিশীল চিন্তাধারার উন্মেষ ঘটাতে এবং অন্ধবিশ্বাস ও কুসংস্কার দূরীকরণে বদ্ধপরিকর। এই প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যাবার লক্ষ্যে পশ্চিমবঙ্গ সরকারের যুবকল্যাণ দপ্তর সারা রাজ্যের প্রতিটি জেলায় প্রতিযোগিতামূলক বিজ্ঞান মডেল ও বিজ্ঞান ভিত্তিক পোস্টার প্রদর্শনীর আয়োজন করতে চলেছে। সহযোগিতায় থাকছে পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা ও উচ্চ শিক্ষা দপ্তর, পশ্চিমবঙ্গ রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদ এবং বিড়লা শিল্প ও কারিগরি সংগ্রহশালা, সংস্কৃতি মন্ত্রক, ভারত সরকার।

স্কুল ও কলেজের ছাত্রছাত্রীরা নির্ধারিত বিষয়বস্তুর উপর তাদের তৈরী বিজ্ঞান ভিত্তিক মডেল এবং/অথবা পোস্টার নিয়ে এই মেলার জেলাস্তরীয় প্রতিযোগিতায় অংশ নিতে পারবে। জেলা স্তরের সফল প্রতিযোগীরা ১০-১২ সেপ্টেম্বর, ২০১৪, কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে রাজ্যস্তরের বিজ্ঞান মেলায় যোগদান করবে। স্নাতকোত্তর স্তরের ছাত্রছাত্রীরা সরাসরি রাজ্যস্তরের বিজ্ঞান মেলায় যোগদান করতে পারবে। স্কুল (মাধ্যমিক, উচ্চমাধ্যমিক), কলেজ ও বিশ্ববিদ্যালয়ের জন্য আলাদা আলাদা প্রতিযোগিতার বিভাগ থাকবে। বিজ্ঞান মেলায় যোগদানের সংক্ষিপ্ত নিয়মাবলী এই চিঠির সঙ্গে পাঠানো হল।

জেলা স্তরের বিজ্ঞান মেলা পশ্চিমবঙ্গের ২০টি জেলায় ১-৪ সেপ্টেম্বর ২০১৪-এর মধ্যে অনুষ্ঠিত হবে। প্রতিটি জেলার জেলাশাসকের সভাপতিত্বে গঠিত জেলা বিজ্ঞান মেলা সমন্বয় কমিটি মেলার স্থান ও তারিখ জেলার প্রতিটি স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়কে জানিয়ে দেবেন ও মেলা আয়োজনের মুখ্য দায়িত্বে থাকবেন। পশ্চিমবঙ্গ সরকারের যুবকল্যাণ দপ্তরের সচিব প্রতিটি জেলার জেলাশাসককে বিজ্ঞান মেলা সমন্বয় কমিটির গঠন সম্পর্কিত নির্দেশিকা ও বিজ্ঞান মেলায় যোগদানের বিশদ নিয়মাবলী স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়কে জানিয়ে দেওয়ার জন্য পাঠিয়ে দেবেন।

১০ সেপ্টেম্বর, ২০১৪ কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে রাজ্যস্তরের বিজ্ঞান মেলার উদ্বোধন হবে। মেলা চলবে ১২ সেপ্টেম্বর, ২০১৪ পর্যন্ত।


বিজ্ঞান মেলার সর্বাঙ্গীন সাফল্যের লক্ষ্যে সমস্ত স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের প্রধানকে ছাত্রছাত্রীদের বিজ্ঞান মেলায় অংশগ্রহণের জন্য সব রকম সাহায্যের হাত বাড়িয়ে দিতে অনুরোধ করা হচ্ছে। আমি আশা করব, আমাদের সকলের মিলিত প্রচেষ্টায় বিপুল সংখ্যক ছাত্রছাত্রীরা ১-৪ সেপ্টেম্বর ২০১৪-এর মধ্যে জেলাস্তরীয় মেলায় এবং ১০-১২ সেপ্টেম্বর, ২০১৪ কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে অনুষ্ঠিতব্য রাজ্যস্তরীয় বিজ্ঞান মেলায় অংশগ্রহণ করবে।

নমস্কারান্তে,

(অরূপ বিশ্বাস)

## পশ্চিমবঙ্গ রাজ্য যুব বিজ্ঞান মেলার সাংগঠনিক কাঠামো

পশ্চিমবঙ্গের সমস্ত অঞ্চলের স্কুল, কলেজ এবং স্নাতকোত্তর শ্রেণীর ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের মধ্য দিয়ে এই বিজ্ঞান মেলা সংগঠিত হয়। ছাত্রছাত্রীরা এই মেলায় বিজ্ঞানবিষয়ক মডেল/প্রদর্শ এবং/অথবা পোস্টার তৈরি ও প্রদর্শন করবে। রাজ্যস্তরের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হতে স্কুল এবং স্নাতকস্তরের কলেজগুলিকে জেলাস্তর প্রতিযোগিতায় অংশ নিতে হবে। কিন্তু স্নাতকোত্তর শ্রেণীর ছাত্র-ছাত্রীরা একটি পৃথক বিভাগে সরাসরি রাজ্যস্তর প্রতিযোগিতায় অংশ নিতে পারবে। সব মিলিয়ে রাজ্যস্তরে অংশগ্রহণকারীদের মোট চারটি বিভাগ থাকবে। যথা মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, কলেজ ও বিশ্ববিদ্যালয়। নীচের সাংগঠনিক কাঠামো অনুসারেই বিজ্ঞান মেলা সংগঠিত করতে হবে ঃ—




**এ বারের বিষয়ভাবনা ঃ**

**(১) কৃষি, (২) শক্তি সংরক্ষণ, (৩) স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধিসম্মত ব্যবস্থা, (৪) পরিবেশ, (৫) জল সংরক্ষণ, (৬) বিজ্ঞান ও প্রযুক্তিতে উদ্ভাবন ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়। এবছর কৃষিক্ষেত্রে উদ্ভাবন বিষয়টির উপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে।**

কেবলমাত্র প্রদত্ত বিষয়ভাবনার সঙ্গে সাযুজ্যরক্ষাকারী মডেল, প্রকল্প, পোস্টার এবং মৌলিক কাজ বা অবদানই অংশগ্রহণের জন্য বিবেচ্য বলে পরিগণিত হবে।

### জেলাস্তর বিজ্ঞান মেলায় অংশগ্রহণ

স্কুল ও কলেজগুলি নির্ধারিত বিষয়ভাবনার উপর তাঁদের নিজ নিজ প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের দ্বারা নির্মিত সেরা বিজ্ঞানবিষয়ক মডেল/প্রদর্শ এবং পোস্টার নির্বাচন করবেন এবং প্রতি স্কুল ও প্রতি দল পিছু একটি করে মডেল/প্রদর্শ এবং/অথবা একটি পোস্টার এবং তাঁদের নিজ নিজ জেলাস্তর বিজ্ঞান মেলায় অংশগ্রহণের জন্য প্রতি কলেজ পিছু একটি মডেল/প্রদর্শ এবং/অথবা একটি পোস্টার মনোনয়ন করবে। জেলাস্তর বিজ্ঞানমেলায় ছাত্রছাত্রীদের নিম্নোক্ত ৩ (তিন)টি বিভাগ অংশগ্রহণ করবে ঃ

ক) **১নং বিভাগ ঃ** হাইস্কুলের ছাত্রছাত্রী (দশম শ্রেণী পর্যন্ত) - প্রতি স্কুলপিছু একটি মডেল/প্রদর্শ এবং/অথবা পোস্টার।
খ) **২নং বিভাগ ঃ** উচ্চ মাধ্যমিক স্তরের ছাত্রছাত্রী (দ্বাদশ শ্রেণী পর্যন্ত) - প্রতি স্কুলপিছু একটি মডেল/প্রদর্শ এবং/অথবা পোস্টার।
গ) **৩নং বিভাগ ঃ** বিজ্ঞান ও কারিগরি কলেজের ছাত্রছাত্রী (স্নাতক স্তর) - প্রতি কলেজপিছু একটি মডেল/প্রদর্শ এবং/অথবা একটি পোস্টার।

### পোস্টার প্রতিযোগিতার নিয়মাবলী

**বিষয় ঃ** জলসংকট এবং তার মোকাবিলা, দুর্যোগ মোকাবিলা। **আয়তন ঃ** A1 Size (23.4" x 33.1")-এর মধ্যে। প্রতিযোগিতার দিন পোস্টার সঙ্গে নিয়ে আসতে হবে। ছাপা ছবি ব্যবহার করা যাবে। পোস্টার হাতে লেখা হবে (বাংলা অথবা ইংরেজি)।

### জেলাস্তর মেলার স্থান

জেলাস্তর বিজ্ঞান মেলা বিভিন্ন জেলার নির্দিষ্ট স্কুল/কলেজ প্রাঙ্গনে অনুষ্ঠিত হবে। এইসব কলেজের নাম, ঠিকানা এবং জেলাস্তর বিজ্ঞান মেলার তারিখ সংশ্লিষ্ট জেলা বিজ্ঞান মেলা প্রস্তুতি কমিটিই ২০ জুলাই-এর মধ্যে ঠিক করবেন এবং যথাশীঘ্র সম্ভব সেগুলি জানিয়ে দেবেন।

### জেলাস্তর বিজ্ঞান মেলার মেয়াদ

জেলাস্তরে মেলার মেয়াদ দুদিন। প্রথম দিন উদ্বোধনী অনুষ্ঠান এবং প্রদর্শনীর জন্য নির্ধারিত। দ্বিতীয় দিন প্রতিযোগিতার মডেল এবং পোস্টারের বিচারপর্ব এবং সমাপ্তি অনুষ্ঠানের জন্য নির্ধারিত।

### জেলাস্তর মেলা শেষ করার সময়সীমা

মডেল/প্রদর্শ এবং পোস্টার — উভয় ক্ষেত্রেই জেলাস্তর মেলা **১-৪ সেপ্টেম্বর ২০১৪** তারিখের মধ্যে অবশ্যই শেষ করতে হবে এবং **৫ সেপ্টেম্বর, ২০১৪**-এর মধ্যে বিজয়ীদের নাম যুবকল্যাণ বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, ৩২/১ বিবাদি বাগ (দক্ষিণ), কলকাতা - ৭০০ ০০১ অথবা ই-মেল ঃ educationbitm@rediffmail.com. Fax No. 2243 7871 দপ্তরে পাঠাতে হবে।

এই বছর জেলাস্তরে প্রতিযোগীদের প্রতিটি মডেল নির্মাণ বাবদ মডেল পিছু সর্বোচ্চ ১০০০ টাকা এবং প্রতিটি পোস্টার নির্মাণ বাবদ পোস্টার পিছু সর্বোচ্চ ১০০ টাকা দেওয়া হবে।

এই বছর জেলাস্তরে সফল প্রতিযোগীদের মেডেল ও শংসাপত্র ছাড়াও নিম্নলিখিত হারে অর্থমূল্য প্রদান করা হবে।

| বিষয় | ১ম | ২য় | ৩য় |
|---|---|---|---|
| মডেল (প্রত্যেক প্রতিযোগী পিছু) | ২,০০০ টাকা | ১,৫০০ টাকা | ১,০০০ টাকা |
| পোস্টার (প্রত্যেক প্রতিযোগী পিছু) | ১,০০০ টাকা | ৭৫০ টাকা | ৫০০ টাকা |

জেলাস্তরে মডেল নির্মাণ-এর ক্ষেত্রে প্রতিটি বিভাগের ১ম, ২য়, ৩য় এবং পোস্টারের ক্ষেত্রে প্রতিটি বিভাগের ১ম স্থানাধিকারী রাজ্যস্তরে অংশগ্রহণ করতে পারবেন।

রাজ্যস্তরে মডেল নির্মাণ প্রতিযোগিতায় প্রতিটি অংশগ্রহণকারী স্কুলকে ১৫,০০০ টাকা হারে অর্থমূল্য দেওয়া হবে (রাজ্যস্তরে ১ম, ২য়, ৩য় স্থানাধিকারী বিদ্যালয় ব্যতিরেকে)। রাজ্যস্তরে মডেল নির্মাণে যে স্কুলগুলি ১ম, ২য়, ৩য় স্থানাধিকার করবে তারা যথাক্রমে ১,০০,০০০ টাকা, ৭৫,০০০ টাকা এবং ৫০,০০০ টাকা পাবেন।

## রাজ্যস্তর বিজ্ঞান মেলায় অংশগ্রহণ

**প্রতিযোগিতামূলক অন্তর্ভুক্তি (স্কুল এবং স্নাতক স্তরের কলেজ ছাত্রছাত্রী)** ২০টি জেলার জেলাস্তর মেলার মডেল/প্রদর্শ বিভাগের ৩টি দলের প্রতিটিতে ৩জন বিজয়ী (১ম, ২য় এবং ৩য়) এবং পোস্টার বিভাগের একজন বিজয়ী (কেবলমাত্র ১ম) ১০ সেপ্টেম্বর থেকে ১২ সেপ্টেম্বর ২০১৪ কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে অনুষ্ঠিতব্য রাজ্যস্তর বিজ্ঞান মেলায় অংশগ্রহণের জন্য নির্বাচিত হবেন।

**স্নাতকোত্তর স্তরের বিজ্ঞান শাখার ছাত্রছাত্রীদের সরাসরি অন্তর্ভুক্তি ঃ** নির্ধারিত বিজ্ঞানভিত্তিক বিষয়ে নির্বাচিত সর্বোচ্চ ২০টি মডেল/প্রদর্শ অথবা পোস্টার আকারে তৈরি গবেষণামূলক প্রতিবেদন (প্রতি বিশ্ববিদ্যালয়পিছু একটি মডেল/প্রকল্প অথবা একটি পোস্টার) কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে অনুষ্ঠিতব্য রাজ্যস্তর বিজ্ঞান মেলায় সরাসরি অংশগ্রহণ করতে পারবে।

তবে রাজ্যস্তর বিজ্ঞান মেলায় সরাসরি নাম অন্তর্ভুক্তির জন্য রাজ্য মেলায় অংশগ্রহণেচ্ছু স্নাতকোত্তর স্তরের ছাত্রছাত্রীদের তাদের প্রস্তাবিত মডেল/প্রদর্শ অথবা পোস্টার আকারে তৈরি গবেষণামূলক প্রতিবেদনের একটি সারসংক্ষেপ রাজ্য বিজ্ঞানমেলা প্রস্তুতি কমিটির বিবেচনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের মাধ্যমে **১৯এ, গুরুসদয় রোড, কলকাতা - ৭০০০১৯-স্থিত বিড়লা ইন্ডাস্ট্রিয়াল অ্যাণ্ড টেকনোলজিক্যাল মিউজিয়াম-এর অধিকর্তার কাছে ১ সেপ্টেম্বর ২০১৪**-এর মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

## জেলা ও রাজ্যস্তরে অংশগ্রহণকারীর সর্বোচ্চ সংখ্যা

**স্কুল ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ঃ** প্রতি মডেল/প্রকল্পপিছু ২ (দুই)জন ছাত্রছাত্রী এবং প্রতি পোস্টার পিছু ১ (এক) জন ছাত্রছাত্রী। এছাড়া প্রতি স্কুলপিছু সর্বোচ্চ ১ (এক) জন গাইড শিক্ষক।

**কলেজ ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ঃ** প্রতি মডেল/প্রদর্শপিছু ২ (দুই) জন ছাত্রছাত্রী এবং প্রতি পোস্টারপিছু ১ (এক) জন ছাত্রছাত্রী।

**বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ঃ** প্রতি মডেল/প্রদর্শ অথবা পোস্টারপিছু ২ (দুই) জন ছাত্রছাত্রী।

## সম্মান/পুরস্কার

**রাজ্যস্তরের বিজয়ীদের শংসাপত্র ট্রফি এবং আর্থিক পুরস্কার দেওয়া হবে। পুরস্কারের অর্থমূল্য ঃ**

### বিশ্ববিদ্যালয় স্তর (পোস্ট গ্র্যাজুয়েট)

| | |
|---|---|
| প্রথম পুরস্কার | ২৫,০০০ টাকা |
| দ্বিতীয় পুরস্কার | ২০,০০০ টাকা |
| তৃতীয় পুরস্কার | ১৫,০০০ টাকা |

### কলেজ স্তর (আন্ডার গ্র্যাজুয়েট)

| | |
|---|---|
| প্রথম পুরস্কার | ২০,০০০ টাকা |
| দ্বিতীয় পুরস্কার | ১৫,০০০ টাকা |
| তৃতীয় পুরস্কার | ১০,০০০ টাকা |

### উচ্চমাধ্যমিক স্তর

| | |
|---|---|
| প্রথম পুরস্কার | ১৫,০০০ টাকা |
| দ্বিতীয় পুরস্কার | ১০,০০০ টাকা |
| তৃতীয় পুরস্কার | ৭,৫০০ টাকা |

### মাধ্যমিক স্তর

| | |
|---|---|
| প্রথম পুরস্কার | ১০,০০০ টাকা |
| দ্বিতীয় পুরস্কার | ৭,৫০০ টাকা |
| তৃতীয় পুরস্কার | ৫,০০০ টাকা |

### পোস্টারের জন্য পুরস্কার (চারটি বিভাগের জন্য)

| | |
|---|---|
| প্রথম পুরস্কার | ৫,০০০ টাকা |
| দ্বিতীয় পুরস্কার | ৩,০০০ টাকা |
| তৃতীয় পুরস্কার | ২,০০০ টাকা |

### বিশেষ পুরস্কার

কলেজ স্তর পর্যন্ত তিনটি বিভাগে ৯টি মেরিট পুরস্কার (২৭ জনকে) ৫০০ টাকা করে দেওয়া হবে।

### বিজ্ঞান মেলার প্রয়োজনে যোগাযোগ করুন

(১) ই. ইসলাম (অধিকর্তা, বি.আই.টি.এম.) ২২৮৯২৮১৫, ফ্যাক্স ঃ ২২৯০৬১০২

(২) শুভ্র দে (উপ-অধিকর্তা, উচ্চ শিক্ষা) ৯৪৩৩২৫৮৬৩৮

(৩) দিব্যগোপাল ঘটক (উপ-অধিকর্তা, বিদ্যালয় শিক্ষা) ৯৪৩৩০৭৩৭১৮

(৪) প্রসেনজিৎ চক্রবর্তী (কলকাতা জেলা যুব আধিকারিক, যুবকল্যাণ দপ্তর) ৯৪৩৪৩৪৮৮০৪, ২২৮৬৬৪১১

(৫) কাজী কামাল নাসের, (বাংলা অনুবাদক, যুবকল্যাণ অধিকার) ৯৪৩৩০৭৫০২৭, ২২৪৮০৬২৬, ফ্যাক্স ঃ ২২৪৩৭৮৭১

(৬) গৌতম শীল [প্রযুক্তি আধিকারিক (প্রচার) বি.আই.টি.এম.] ৯৪৩২৩৮২৬৫৫

ই-মেল ঃ youthserviceskolkata@gmail.com ওয়েবসাইট ঃ www.wbssysfair.in

Published by Uttam Patra, Director of Youth Services from
32/1, B.B.D. Bag (South), Kolkata-1 and Printed by Gita Printers, 51A, Jhamapukur Lane, Kolkata-9, M : 9830294649

# ENTRY FORM

**W B State Student Youth Science Fair, 2014**

**District: ..........................................................**

**Telephone No. of DYO:**

1. Name of the School/College : ______________________________
2. Address : ______________________________

   ______________________________
3. Phone/FAX No. : ______________________________
4. e-mail : ______________________________
5. Participants Details :

| Sl. No. | Name of the Project | Participant's name & Class | Residential Address, e-mail Id & Phone No. of the Participant(s) | Level: Secondary/ Higher Secondary/ UG |
|---|---|---|---|---|
| 1. | **Title of Model:** | (i) | | |
| | | (ii) | | |
| 2. | **Title of Poster:** | | | |
| 3. | **Name of the Guide Teacher:** | | | |

Date:

Signature of the Head of the Institution

Name :

Seal :

Please send the filled in form to the DYO/DI (S) by 22nd August, 2014 or as decided by the Organising Committee.

.......................................................................................................................

Received the Entry Form from ______________________________
Intending to participate in Model/Poster Category. He/She is requested to reach the venue at ____________
______________________________ on ____ August, 2014 by ______ a.m.

**DYO/DI(SE)**